

১৬২৭৫
২৪

এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে ১০ শিক্ষক ও ৪৩ শিক্ষার্থী বহিষ্কার বানারীপাড়ায় নকল ধরলেন এনডিসি

যুগান্তর রিপোর্ট

এসএসসি ও সমমানের পরীক্ষার তৃতীয় দিনে সাতদিনে নকলে সহায়তার দায়ে ১০ শিক্ষক বহিষ্কার হয়েছেন। উপরদিকে নকল ও এসএসসি অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ৪৩ শিক্ষার্থী। বানারীপাড়ায় নকল-বহনের দায়ে তিন পরীক্ষার্থীকে ধরে মারধর করেন যুগ এনডিসি। পরে তাদের পুলিশে দেয়া হয়।

ওদিকে এসএসসির প্রথম পর্যায়ে প্রায় প্রতিদিনই কুল প্রথের অভিযোগ আসছে। কুমিল্লা বোর্ডে যোবাবাকের ইংরেজি দ্বিতীয় পর্যায়ে পরীক্ষায় কুল বনাম এবং সিলেট বোর্ডে পও কয়েকদিনের পরীক্ষায় একই প্রণ বারবার করার ঘটনা ঘটেছে।

মঙ্গলবার রাত সাড়ে ৮টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত শিক্ষা বোর্ডগুলোর দেয়া তথ্যানবাহী এসএসসির সাতটি বোর্ডে ১৪ পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এর মধ্যে রাজশাহী বোর্ডে ১১ জন

রয়েছে। এছাড়া যশোর বোর্ডে ১ ও বরিশাল বোর্ডে ২ জন বহিষ্কার হয়েছে। কুমিল্লা বোর্ডে বহিষ্কারের ঘটনা অস্বীকার করলেও নোয়াখালীর সেনবাগে ২ জন বহিষ্কার হয়েছে। আমাদের সেনবাগ প্রতিনিধি জানান, সেনবাগের তিনটি কেন্দ্রে নকলের হিড়িক পড়েছে। বিগত কয়েকদিনের এ অভিযোগের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসক ও তার ডিভিশনে টিম আকস্মিক পরিদর্শনে আসেন। এ সময় তারা ২ জনকে বহিষ্কার করেন। সেনবাগের কেন্দ্রগুলোতে সাংবাদিক নিষিদ্ধ করা হয়েছে। মাদ্রাসা বোর্ডে গতকাল ১১ জন এবং কারিগরি বোর্ডের পরীক্ষায় ১৮ জনকে বহিষ্কার করা হয়েছে। মঙ্গলবারের পরীক্ষার উল্লেখযোগ্য ঘটনা ছিল ১০ শিক্ষকের বহিষ্কার। মঙ্গলবার এসএসসির বাংলা প্রথম পত্র, দারিলের বাংলা সাহিত্য এবং এসএসসি ভোকেশনালের বাংলা-২ পরীক্ষা ছিল। এই পরীক্ষায় নকলে সহায়তা ও দায়েই অবলম্বনের দায়ে শুধু মাদ্রাসা বোর্ডের ৬ জন শিক্ষক বহিষ্কার হয়েছেন। মাদ্রাসা বোর্ডের বহিষ্কার ৬ জনের মধ্যে ২ জন বরিশালের ও ৪ জন মাদার। এছাড়া রাজশাহী বোর্ডের গাইবান্ধার ও কুমিল্লা বোর্ডের নাঙ্গলকোট ১ জন করে ২ জন ও কারিগরি বোর্ডের ২ শিক্ষক বহিষ্কার হয়েছেন।

আগামীকাল এসএসসিতে বাংলা দ্বিতীয় পত্র, দারিলে ইমলামের ইতিহাস এবং এসএসসি ভোকেশনালে ট্রেড বিজ্ঞান-২ বিষয়ের পরীক্ষা।

বানারীপাড়ায় মারধর
আমাদের বানারীপাড়া প্রতিনিধি জানান, বানারীপাড়ায় সেই তদারকি করে নকল পাওয়ার নিজ হাতে মেরে বহিষ্কার শেষে তিন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীকে পুলিশে দিয়েছেন বরিশালের এনডিসি মহসীন আলী। এনডিসির নির্দেশ বাস্তবতায় নকল বহন সংক্রান্ত সুপার্ট ধরা না থাকায় মামলা গ্রহণ নিয়ে বিপাকে পড়ে পুলিশ। মঙ্গলবার এসএসসি (ভোকেশনাল) বাংলা পরীক্ষা চলাকালে বানারীপাড়া পরীক্ষা কেন্দ্রে ওই ঘটনা ঘটে। নকল বহন করার দায়ে বহিষ্কার ও আটক তিন পরীক্ষার্থী হল— মিজবুর রহমান, সৈকত ও মাসুদুল্লাহমান। তিন পরীক্ষার্থীই উপজেলার মসজিদবাড়ী কুল এড কলেজের ছাত্র।